সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ।
পোষ্ট কোড নং-৬৭০০
সরাসরি-০৭৫১-৬২৮৪৫
E-Mail-sirajganjpbs2@gmail.com
Web : pbs2.sirajganj.gov.bd

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২৪. ৬১৯৬

তারিখঃ ১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র:-বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০৪.২৪.১৮৪২, তাং-২৯/০৮/২০২৪ খ্রিঃ।

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** গণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা | |
|---|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)<br><br>পদ সংখ্যাঃ ২৮ (আঠাশ) টি | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা অথবা সর্বশেষ পবিস প্রদত্ত এলপিসি অনুযায়ী মূল বেতন ও প্রদেয় অন্যান্য ভাতাদি প্রযোজ্য হবে। | ০১) | **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (২৩/০৯/২০২৪ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৯ম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন। |
| | | | ০২) | **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | | | ০৩) | **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) বিবেচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তি কালীন প্রতি বছর প্রথম পক্ষ (সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২) কর্তৃক দ্বিতীয় পক্ষের নিকট মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)গণের কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ ০৩ বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২(এক/দুই)টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যেতে পারে। |
| | | | ০৪) | **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। |
| | | | ০৫) | প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদান:**

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (pbs2.sirajganj.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড অথবা সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের সদর দপ্তর হতে উক্ত আবেদন ফরম সংগ্রহ পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৩/০৯/২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, শিয়ালকোল, সিরাজগঞ্জ এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদন এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে:**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি (জন্ম নিবন্ধন গ্রহন যোগ্য নয়);
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (সত্যায়িত কপি);
(ঙ) চারিত্রিক সনদ পত্রের সত্যায়িত অনুলিপি;
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদপত্র/প্রত্যয়ন পত্র" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে;
(ছ) উপরে বর্ণিত সকল কাগজাদি/ডকুমেন্ট প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক (নাম, পদবী ও সিলসহ) সত্যায়িত করে জমা প্রদান করতে হবে;

০৩। সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২(দুই) টি "উৎসব বোনাস এবং নিয়মানুযায়ী বৈশাখী ভাতা" প্রাপ্য হবেন। সমিতির পারফরমেন্স টার্গেট এগ্রিমেন্ট (কেপিআই/পিটিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।

০৪। সন্তোষজনকভাবে ০৯ (নয়) বছর পবিসের চাকুরী শেষে পবিস হতে চুক্তি ও বাপবিবোর স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৬২.০০২.১৯.২৬৫৬, তাং-০৯/১০/২০১৯ খ্রি. অনুযায়ী মূল বেতনের উপর ২০% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

০৫। **অন্যান্য শর্তাবলী:**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে, সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।
(খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তাং- ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।
(গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ও শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একাধিক পবিসে চাকুরী সম্পন্নকারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
(ঘ) ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে যারা কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(ঙ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী'র রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।
(চ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত হয়ে থাকেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(ছ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে এবং তা কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হওয়া মাত্রই কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং জমাকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে। প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
(জ) অসম্পূর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
(ঝ) যেসকল প্রার্থীর স্থায়ী ঠিকানা সিরাজগঞ্জ জেলা তারা আবেদন করতে পারবেন না।
(ঞ) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।
(ট) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

(ঠ) চুক্তিভিত্তিতে নিয়োগ প্রাপ্ত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

(ড) খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ঢ) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১(এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

(ণ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**<u>অনুলিপি:- জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।</u>**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
০৫। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার-পবিস-১/২/৩/৪।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৯। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, সিরাজগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী অফিসার,...........................উপজেলা, সিরাজগঞ্জ।
১১। ডিজিএম বেলকুচি ও কাজিপুর জোনাল অফিস/সদর-কারিগরী, সিরাজগঞ্জ পবিস-২।
১২। এজিএম, তামাই/পিপুলবাড়ীয়া/কামারখন্দ সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
১৩। এজিএম (এমএস/এইচআর/প্রশাসন/অর্থ/ইএন্ডসি/এওএন্ডএম), সিরাজগঞ্জ পবিস-২ ।
১৪। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-২। (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১৫। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২ ।
১৬। অফিস/মাস্টার কপি ।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১

ISO 9001:2015 Certified

# সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর
## "মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)" পদে
প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম।

(সংশ্লিষ্ট প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের একক়পি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপরে ১ম শ্রেনীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার<br>
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২<br>
শিয়ালকোল, সিরাজগঞ্জ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২৪. তারিখঃ ০১/০৯/২০২৪ খ্রিঃ।

২. ____________________ আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. ____________________ পদের ধরণ

৪. ____________________ নিয়োগ বিজ্ঞপ্তির সূত্র

৫. ____________________ প্রকাশনার তারিখ

৬. ____________________ আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

৭ ____________________ আবেদনকারীর পূর্ণ নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে)

৮. ____________________ জন্ম তারিখ (-----------পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

৯. ____________________ বয়স (২৩/০৯/২০২৪ খ্রিঃ তারিখে)

১০. ____________________ মাতার নাম

১১. ____________________ পিতার নাম

১২. ____________________ ধর্ম

১৩. ____________________ জাতীয়তা

১৪. ____________________ নিজ জেলা

১৫. ____________________ টেলিফোন/মুঠোফোন নম্বর

১৬. বৈবাহিক অবস্থা (টিক/দিন) :

| | | | |
|---|---|---|---|
| | অবিবাহিত | | বিবাহিত |

১৭. স্থায়ী ঠিকানাঃ

____________ গ্রাম/সড়ক/বাড়ী ____________ ডাকঘর ____________ উপজেলা/থানা ____________ জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগপত্র (নিয়োগপত্র পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

____________ গ্রাম/সড়ক/বাড়ী ____________ ডাকঘর ____________ উপজেলা/থানা ____________ জেলা

১৯. ____________________ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর

২০. ____________________ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য

২১. ____________________ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/সিজিপিএ | বিভাগ/শ্রেনী/গ্রেড | |
| এস,এস,সি /সমমান | | | | |
| এইচ,এস,সি/সমমান | | | | |
| স্নাতক/সমমান | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে): ........................................ বছর।

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরী/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী, পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল নম্বর (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কিনা (হ্যাঁ/না) জবাব হলে সনদ যুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে প্রদত্ত দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো।

তারিখ

আবেদনকারীর স্বাক্ষর